

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.৩৭৫(০২৪) পাট-২/১৮- ১১৮

তারিখ : ৯ চৈত্র ১৪২৫  
২৯ মার্চ ২০১৯

বিষয়ঃ বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য IELTS/TOFEL সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: প্রাশিঅ স্মারক নং ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-৪১


তারিখ: ২৮ জানুয়ারি ২০১৯

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিইডিপি ৪ এর আওতায় ২০১৯ শিক্ষাবর্ষে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অধ্যয়নের নিমিত্ত সূত্রে বর্ণিত স্মারকে কর্মকর্তা ও শিক্ষকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা হয়।

২। উক্ত পত্রে আবেদনের যোগ্যতা ও শর্তাবলীর ৩ (ঙ) নং ক্রমিকে “বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রার্থীদের IELTS Test-এ ন্যূনতম ৬.০০ অথবা TOEFL-এ ন্যূনতম ৭৫.০০ স্কোর থাকা আবশ্যিক” মর্মে উল্লেখ ছিল।

৩। এমতাবস্থায়, সংযুক্ত তালিকায় বর্ণিত আবেদনকারী কর্মকর্তা ও শিক্ষকদের মধ্যে যারা শুধুমাত্র IELTS —এ ন্যূনতম গড়ে ৬.০০ (Individual ব্যান্ডে ন্যূনতম ৫.৫ সহ) অথবা TOEFL —এ ন্যূনতম ৭৫.০০ স্কোর অর্জন করেছেন তাদেরকে প্রমাণক হিসেবে বৃটিশ কাউন্সিল কর্তৃক প্রদত্ত IELTS অথবা TOEFL সার্টিফিকেটের সত্যায়িত কপি ১০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাদের আবেদন বিবেচনা করা সম্ভব হবে না।

বিষয়টি অতীব জরুরী।



বিজয় ডুয়ণ পাল  
পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬

জনাব-----  
-----কর্মকর্তা/শিক্ষক  
-----উপজেলা-----জেলা।

অনুলিপি:

- ১। বিভাগীয় উপপরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সংশ্লিষ্ট)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)।
- ৫। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সংশ্লিষ্ট)।
- ৬। পিএ টু মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পিএ টু অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

তঁর আওতাধীন আবেদনকারীদের অবহিতকরণের অনুরোধসহ।